বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

ফোন নং: ০২৫৮৮৮৭৮৯২১; ই-মেইল: dgmhrd@rakub.org.bd;
ওয়েবসাইট: www.rakub.org.bd

মুজিববর্ষ ১০০

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

সার্কুলার নং-প্রকা/মাসউবি-২/২০২২ তারিখ : ১৮ ডিসেম্বর ২০২২

বিষয়ঃ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২ ।

'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হওয়ার পর মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট, গেজেট ও পুস্তিকা আকারে প্রকাশ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে। উক্ত কর্ম-পরিকল্পনায় অন্যান্য কর্মকান্ডের সঙ্গে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। শুদ্ধাচার চর্চায় সরকারের কার্যক্রমের সমান্তরালে রাষ্ট্রায়ত্ব বিশেষায়িত ব্যাংক হিসেবে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকেও অনুরূপ কার্যক্রম গৃহীত হয়েছে। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম গৃহিত হয়েছে। সরকার কর্তৃক প্রণীত **জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭** এর আলোকে পরিচালনা পর্ষদের ৩১-১০-২০১৮ তারিখের ৪৮৫তম সভায় **"রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৮"** অনুমোদন দেয়া হয়েছে এবং ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ সময়ের প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন ও সমন্বয় সাধনপূর্বক গত ১৬-০৯-২০২১ তারিখে গেজেটের মাধ্যমে আকারে **শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০২১** জারী করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে অধিকতর পদ্ধতিগত স্বচ্ছতা আনয়ন এবং পরিসর বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ০৫-০৯-২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নম্বর-৩৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য ২০১৮ সালে প্রণীত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা' এর সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন করে **'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২'** প্রণয়ন করা হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত **'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২'** এর আলোকে ০৮ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৫৫তম সভায় "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৮" রহিত করে **"রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২"** অনুমোদন করা হয়েছে।

০৩। পরিচালনা পর্ষদ কর্তৃক ২০২১-২০২২ অর্থবছর হতে "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২" কার্যকরের অনুমোদন দেয়া হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছর হতে নীতিমালায় বর্ণিত সূচী মোতাবেক মূল্যায়ন ও পুরস্কার প্রদান করা হবে। সময় স্বল্পতার কারণে অতি দ্রুততার সাথে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের স্বার্থে নিম্নবর্ণিত সূচী অনুসারে মূল্যায়ন ফরম প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৪। নীতিমালায় বর্ণিত সূচক (Indicator) এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণ করে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা ও কর্মচারী নির্বাচন করা হবে। শুদ্ধাচার চর্চার ক্ষেত্রে পুরস্কার প্রদানের সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ছকসমূহে (পরিশিষ্ট- ক; খ, গ, ঘ এবং ঙ) উল্লেখিত মূল্যায়ন সূচকের বিপরীতে ধার্যকৃত মোট ১০০ নম্বর (প্রযোজ্যতা অনুযায়ী) বিবেচনা করতে হবে।

৪.১ ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কারের ক্ষেত্রে চলতি বছরের ডিসেম্বর মাসের ২২ তারিখের মধ্যে প্রত্যেক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তার আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কারের জন্য যোগ্য বিবেচনায় পদবীর ক্যাটাগরী অনুযায়ী প্রদত্ত নির্ধারিত ছকে মূল্যায়ন করবেন। নিয়ন্ত্রণকারী কর্মকর্তা সুপারিশকৃত প্রার্থীর ব্যক্তিগত তথ্য ও সংশ্লিষ্ট প্রমাণকসহ গোপনীয়ভাবে তাঁর অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। এক্ষেত্রে শাখা ব্যবস্থাপকগণের জন্য তাদের নির্ধারিত ক্যাটাগরী ব্যতীত অন্য কোন পদবীর ক্যাটাগরী বিবেচনা করা যাবে না।

৪.২ প্রত্যেক নিয়ন্ত্রণকারী কর্মকর্তা প্রতি অর্থবছরে বর্ণিত ধাপসমূহে উল্লেখিত তার আওতাধীন কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য হতে প্রতি ধাপে সর্বোচ্চ ০১(এক) জন করে (প্রযোজ্যতা অনুসারে) শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবেন।

চলমান পাতা-০২

৪.৩ ২০২১-২০২২ অর্থবছরের ডিসেম্বর মাসের ২৬ তারিখের মধ্যে উক্ত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিজ কার্যালয়ের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে প্রতি ধাপে সর্বোচ্চ ০১(এক) জন করে (প্রযোজ্যতা অনুসারে) নির্ধারিত ছকে মূল্যায়ন করবেন এবং অধঃস্তন কার্যালয় হতে প্রাপ্ত মূল্যায়ন ফরমসমূহসহ পুনঃমূল্যায়ন (প্রযোজ্য ক্ষেত্রে সংযোজন-বিয়োজন) পূর্বক প্রার্থীর ব্যক্তিগত তথ্য ও সংশ্লিষ্ট প্রমাণকসহ গোপনীয়ভাবে মাঠ পর্যায়ের ক্ষেত্রে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন এবং প্রধান কার্যালয়ের ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।

৪.৪ ২০২১-২০২২ অর্থবছরের ডিসেম্বর মাসের ২৮ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কারের জন্য যোগ্য বিবেচনায় পদবীর ক্যাটাগরী অনুযায়ী নির্ধারিত ছকে মূল্যায়ন করবেন এবং অধঃস্তন কার্যালয়সমূহ হতে প্রাপ্ত মূল্যায়ন ফরমে (নিয়ন্ত্রণকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ হলে পুনঃমূল্যায়নপূর্বক) ন্যূনতম ৮০ নম্বর প্রাপ্ত ফরমসমূহ বাছাই করে মানব সম্পদ উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।

৪.৫ যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সহ শুদ্ধাচার লক্ষ্যমাত্রায় নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিপরীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আন্তঃব্যাংক মূল্যায়ন করে থাকে, সেহেতু শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব কার্যক্রম সম্পন্ন করার প্রতি যত্নবান হবেন।

০৫। প্রত্যেক অর্থবছরের শেষ কর্মদিবসে কর্মকর্তা-কর্মচারী যে কর্মকর্তার নিয়ন্ত্রণাধীন থাকবেন সেই কর্মকর্তাই নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন। তবে ২০২১-২০২২ অর্থবছরের জন্য মূল্যায়ন ফরম প্রেরণের নির্ধারিত সূচী মোতাবেক নির্ধারিত তারিখে যে কর্মকর্তার নিয়ন্ত্রণাধীন থাকবেন সেই কর্মকর্তাই নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সার্কুলার জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

১৮.১২.২০২২

(শওকত শহীদুল ইসলাম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)
প্রশাসন মহাবিভাগ

প্রকা/মাসউবি-০৭/২০২২-২০২৩/১২৮৭(৪৫৫) তারিখ : ১৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব/ বিভাগীয় প্রধান, রাকাব প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, রাজশাহী।
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫। অফিস নথি/ মহানথি।

১৮.১২.২০২২

(মোঃ সারোওয়ার হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
মানব সম্পদ উন্নয়ন বিভাগ
ফোন নং: ০২৫৮৮৮৭৮৯২১; ই-মেইল: dgmhrd@rakub.org.bd;
ওয়েবসাইট: www.rakub.org.bd

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

বিষয়ঃ **রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২।**

০১। পটভূমিঃ

'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হওয়ার পর মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট, গেজেট ও পুস্তিকা আকারে প্রকাশ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রুপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি গঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে প্রধান করে ১৮ সদস্য বিশিষ্ট একটি নৈতিকতা কমিটি প্রধান কার্যালয়ে কাজ করছে। ব্যাংকের মহাব্যবস্থাপক (প্রশাসন) নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট এবং মানব সম্পদ উন্নয়ন বিভাগের উপ-মহাব্যবস্থাপক নৈতিকতা কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন। অনুরুপভাবে ব্যাংকের মাঠ পর্যায়ের সকল শাখা, জোনাল কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করে কমিটিসমূহের কার্যপরিধি ও ফোকাল পয়েন্ট এর কর্তব্য নির্ধারণ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে। উক্ত কর্ম-পরিকল্পনায় অন্যান্য কর্মকান্ডের সঙ্গে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। শুদ্ধাচার চর্চায় সরকারের কার্যক্রমের সমান্তরালে রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত ব্যাংক হিসেবে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকেও অনুরুপ কার্যক্রম গৃহীত হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক প্রধান কার্যালয় ও মাঠ কার্যালয়ের নৈতিকতা কমিটির সমন্বয়ে এতদ্সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করছে। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম গৃহিত হয়েছে। সরকার কর্তৃক প্রণীত **জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭** এর আলোকে পরিচালনা পর্ষদের ৩১-১০-২০১৮ তারিখের ৪৮৫তম সভায় **"রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৮"** অনুমোদন দেয়া হয়েছে। আলোচ্য নীতিমালার আওতায় ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ সময়ের প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন ও সমন্বয় সাধনপূর্বক গত ১৬-০৯-২০২১ তারিখে গেজেট আকারে **শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০২১** জারী করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে অধিকতর পদ্ধতিগত স্বচ্ছতা আনয়ন এবং পরিসর বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ০৫-০৯-২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নম্বর-৩৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য ২০১৮ সালে প্রণীত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা' এর সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন করে **'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২'** প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত **'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২'** এর প্রেক্ষিতে **"রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৮"** রহিত করে নিম্নরুপ **"রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২"** জারী করা হলোঃ

০২। উদ্দেশ্যঃ

শুদ্ধাচার চর্চায় উৎসাহের নিমিত্ত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুসরণে প্রতি অর্থবছর সমাপ্তির পর ডিসেম্বর মাসের ৩১ তারিখের মধ্যে ব্যাংকের সকল কর্মকর্তা ও কর্মচারীদের পদের ক্যাটাগরি অনুযায়ী নির্ধারিত ছকে উল্লেখিত মূল্যায়ন সূচকের বিপরীতে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ণ ও তাঁর অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পুনঃমূল্যায়ন এবং "শুদ্ধাচার পুরস্কার প্রদানের সুপারিশ" বিবেচনার মাধ্যমে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে।

০৩। পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহঃ

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক এর ০৫-০৯-২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ৩৪ এর আলোকে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে শুদ্ধাচার চর্চার জন্য নিম্নোক্ত ০৫টি ধাপের প্রতিটি হতে ০১ টি করে মোট ০৫টি পুরস্কার বিবেচনা করা করা হবে।

৩.১ ব্যাংকের প্রধান নির্বাহী মাননীয় ব্যবস্থাপনা পরিচালক হতে পরবর্তী নিম্নতর দুই ধাপের অর্থাৎ গ্রেড-২ ভুক্ত উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণ (অর্থাৎ তৃতীয় ধাপ পর্যন্ত কর্মকর্তাগণ);

চলমান পাতা-০২

৩.২ এ ব্যাংকের গ্রেড-৩ ভুক্ত উপ-মহাব্যবস্থাপকগণ, গ্রেড-৪ ভুক্ত সহকারী মহাব্যবস্থাপকগণ এবং গ্রেড-৫ ভুক্ত উর্ধ্বতন মুখ্য কর্মকর্তাগণ (অর্থাৎ চতুর্থ ধাপের কর্মকর্তা হতে ষষ্ঠ ধাপের কর্মকর্তাগণ);

৩.৩ এ ব্যাংকের গ্রেড-৬ ভুক্ত মুখ্য কর্মকর্তাগণ, গ্রেড-৯ ভুক্ত উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং গ্রেড-১০ ভুক্ত কর্মকর্তাগণ (অর্থাৎ সপ্তম ধাপের কর্মকর্তা হতে পরবর্তী নিম্নতর ধাপসমূহের কর্মকর্তাগণ);

৩.৪ ব্যাংকের শাখা ব্যবস্থাপকবৃন্দ (ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয়সহ);

৩.৫ ব্যাংকের কর্মচারীবৃন্দ।

বিশেষ দ্রষ্টব্য:

*শাখা ব্যবস্থাপকগণ অন্য কোন ক্ষেত্রে পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;

** কর্মচারী বলতে ডাটা এন্ট্রি অপারেটর, ক্যাশিয়ার, কম্পিউটার অপারেটর, ড্রাইভার, অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরীসহ ব্যাংকে স্থায়ীভাবে চাকুরিরত অন্যান্য সকলকে (অনুচ্ছেদ ৩.১ হতে ৩.৪ এ উল্লিখিত কর্মকর্তাগণ ব্যতিরেকে) বুঝাবে।

০৪। মূল্যায়ন পদ্ধতিঃ

নীতিমালায় বর্ণিত সূচক (Indicator) এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণ করে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা ও কর্মচারী নির্বাচন করা হবে। শুদ্ধাচার চর্চার ক্ষেত্রে পুরস্কার প্রদানের সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ছকসমূহে (পরিশিষ্ট- ক, খ, গ, ঘ এবং ঙ) উল্লেখিত মূল্যায়ন সূচকের বিপরীতে ধার্যকৃত মোট ১০০ নম্বর (প্রযোজ্যতা অনুযায়ী) বিবেচনা করতে হবে।

৪.১ প্রতি অর্থবছরের জুলাই মাসের ২৫ তারিখের মধ্যে প্রত্যেক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তার আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কারের জন্য যোগ্য বিবেচনায় পদবীর ক্যাটাগরী অনুযায়ী প্রদত্ত নির্ধারিত ছকে মূল্যায়ন করবেন। নিয়ন্ত্রণকারী কর্মকর্তা সুপারিশকৃত প্রার্থীর ব্যক্তিগত তথ্য ও সংশ্লিষ্ট প্রমাণকসহ গোপনীয়ভাবে তাঁর অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। এক্ষেত্রে শাখা ব্যবস্থাপকগণের জন্য তাদের নির্ধারিত ক্যাটাগরী ব্যতীত অন্য কোন পদবীর ক্যাটাগরী বিবেচনা করা যাবে না।

৪.২ প্রত্যেক নিয়ন্ত্রণকারী কর্মকর্তা প্রতি অর্থবছরে বর্ণিত ধাপসমূহে উল্লেখিত তার আওতাধীন কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য হতে প্রতি ধাপে সর্বোচ্চ ০১(এক) জন করে (প্রযোজ্যতা অনুসারে) শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবেন।

৪.৩ প্রতি অর্থবছরের জুলাই মাসের ৩০ তারিখের মধ্যে উক্ত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিজ কার্যালয়ের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে প্রতি ধাপে সর্বোচ্চ ০১(এক) জন করে (প্রযোজ্যতা অনুসারে) নির্ধারিত ছকে মূল্যায়ন করবেন এবং অধঃস্তন কার্যালয় হতে প্রাপ্ত মূল্যায়ন ফরমসমূহসহ পুনঃমূল্যায়ন (প্রযোজ্য ক্ষেত্রে সংযোজন-বিয়োজন করে) পূর্বক প্রার্থীর ব্যক্তিগত তথ্য ও সংশ্লিষ্ট প্রমাণকসহ গোপনীয়ভাবে মাঠ পর্যায়ের ক্ষেত্রে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন এবং প্রধান কার্যালয়ের ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।

৪.৪ প্রতি অর্থবছরের আগষ্ট মাসের ১৫ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কারের জন্য যোগ্য বিবেচনায় পদবীর ক্যাটাগরী অনুযায়ী নির্ধারিত ছকে মূল্যায়ন করবেন এবং অধঃস্তন কার্যালয়সমূহ হতে প্রাপ্ত মূল্যায়ন ফরমে (নিয়ন্ত্রণকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ হলে পুনঃমূল্যায়নপূর্বক) নূন্যতম ৮০ নম্বর প্রাপ্ত ফরমসমূহ বাছাই করে মানব সম্পদ উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।

৪.৫ যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সহ শুদ্ধাচার লক্ষ্যমাত্রায় নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিপরীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আন্তঃব্যাংক মূল্যায়ন করে থাকে, সেহেতু শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব কার্যক্রম সম্পন্ন করার প্রতি যত্নবান হবেন।

০৫। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণঃ

৫.১ কর্মকর্তা-কর্মচারীকে বিবেচ্য অর্থবছরে এ ব্যাংকে চাকুরীর সময়কাল ন্যূনতম ০৩ (তিন) বছর হতে হবে।

৫.২ নির্ধারিত সূচকসমূহের বিপরীতে যথাসম্ভব প্রমাণকের ভিত্তিতে ক্যাটাগরী অনুসারে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

৫.৩ কোন কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৫.৪ কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন, বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান থাকলে বা মামলায় শাস্তিপ্রাপ্ত হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না। সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথি সংরক্ষণকারী কার্যালয় হতে এ সংক্রান্ত প্রত্যয়ন সংগ্রহ/সংযুক্ত করতে হবে।

৫.৫ একাধিক কর্মকর্তা ও কর্মচারী সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত হলে প্রত্যেকে পৃথকভাবে শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

চলমান পাতা-০৩

৫.৬ কোন কর্মকর্তা/কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হলে বদলী, পদোন্নতি বা অন্য কোন কারণে কার্যালয়/কর্মস্থল পরিবর্তন হলেও পরবর্তী ০৩(তিন) বছর তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৭ শুদ্ধাচার পুরস্কারের জন্য সুপারিশকৃত প্রার্থীর বিবেচ্য অর্থবছরের মূল্যায়ন ফরমের সাথে **"পূর্ববর্তী ০৩(তিন) বছরের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হন নাই"** মর্মে বর্তমান কার্যালয়সহ বিগত ০৩(তিন) বছরে বদলীকৃত কার্যালয়/কর্মস্থলসমূহ হতে প্রত্যয়ন সংগ্রহ করে/নিশ্চিত হয়ে প্রত্যয়ন মূল্যায়ন ফরমের সাথে দাখিল করতে হবে।

৫.৮ ব্যাংকের শাখা ব্যবস্থাপকগণ অন্য কোন পদবীর ক্যাটাগরীতে শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৯ প্রতি অর্থবছরের জুন মাসের মধ্যে কর্মী ব্যবস্থাপনা বিভাগ সহ মাঠ পর্যায়ের সকল ব্যক্তিগত নথি সংরক্ষণকারী কার্যালয়সমূহ মানব সম্পদ উন্নয়ন বিভাগ হতে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা অনুযায়ী সনদের কপি সংগ্রহ করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে ০১ (এক) কপি সংরক্ষণ করে তাঁর সার্ভিস বহিতে পুরস্কার সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করবেন।

০৬। শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠনঃ

৬.১ অনুচ্ছেদ ৩.১ এ উল্লিখিত কর্মকর্তাগণের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটির কাঠামো নিম্নরুপ:

বাছাই কমিটির পদবী		প্রাতিষ্ঠানিক পদবী
সভাপতি	:	চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
সদস্য	:	পরিচালক, পরিচালনা পর্ষদ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
সদস্য	:	পরিচালক, পরিচালনা পর্ষদ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

** উক্ত কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন উপমহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়, রাজশাহী।

৬.২ অনুচ্ছেদ ৩.২ হতে ৩.৫ এ বর্ণিত ধাপসমূহের কর্মকর্তা-কর্মচারীগণের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটির কাঠামো নিম্নরুপ:

বাছাই কমিটির পদবী		প্রাতিষ্ঠানিক পদবী
সভাপতি	:	ব্যবস্থাপনা পরিচালক
সদস্য	:	উপ-ব্যবস্থাপনা পরিচালক
সদস্য	:	প্রধান কার্যালয়ের সকল মহাব্যবস্থাপক
সদস্য সচিব	:	উপ-মহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন বিভাগ

৬.৩ বাছাই কমিটি অনুচ্ছেদ ৩.১ হতে ৩.৫ এ বর্ণিত ধাপসমূহে উল্লিখিত কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য হতে প্রতি ধাপে ০১(এক) জন করে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করবেন। তবে অনুচ্ছেদ ৫.৫ অনুযায়ী একাধিক কর্মকর্তা ও কর্মচারী সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত হলে প্রত্যেককে পৃথকভাবে শুদ্ধাচার পুরস্কারের জন্য নির্বাচন করবেন।

৬.৪ বাছাই কমিটি প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের জোনাল কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানের মতামত গ্রহণ করবেন এবং প্রয়োজন হলে প্রাপ্ত নম্বর সংযোজন বিয়োজন করতে পারবেন।

৬.৫ বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পুরস্কার প্রদানের পূর্বে ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে।

০৭। পুরস্কারের মানঃ

পুরস্কারের জন্য চুড়ান্তভাবে নির্বাচিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পুরস্কার হিসেবে প্রত্যেককে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে। তবে, কোন কর্মকর্তা/কর্মচারী যে মাসে পুরস্কারের জন্য নির্বাচিত হবেন তার পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার হিসাবে প্রাপ্ত হবেন।

০৮। ব্যাংকের ৯০৪-৩১ খরচ উপখাত (পুরস্কার) ডেবিট করে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ সংশ্লিষ্ট খাতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের ব্যবস্থা করবে।

০৯। "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২" ২০২১-২০২২ অর্থবছর হতে কার্যকর বলে গণ্য হবে। সেক্ষেত্রে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য মূল্যায়ন ফরম ডাউনলোডের তারিখ ও জমাদান এবং বাছাই প্রক্রিয়ার তারিখ সার্কুলারের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

পরিশিষ্ট 'ক' (অনুচ্ছেদ ৩.১)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....

....

শুদ্ধাচার পুরস্কারের জন্য সুপারিশকৃত নির্বাহীর ব্যক্তিগত তথ্য

নির্বাহীর নাম :		ভবিষ্য তহবিল সূচক নং :	
পদবী :		মোবাইল নম্বর :	
নির্বাহীর গ্রেড :		বেতনক্রম :	
চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :		বিগত ০৩ বছরের কর্মস্থল:	১।
সর্বশেষ মাসে আহরিত মূল বেতন :			২।
সর্বশেষ রাকাব শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :			৩।
পূর্বতন কর্মস্থলসমূহের প্রত্যয়ন পত্র সংখ্যা :			৪।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ: ৩.১.১ অনুযায়ী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণ)

অর্থবছর:

সময়কাল: ০১-০৭..............হতে ৩০-০৬-.........ইং

ক্রমিক	মূল্যায়নের সূচক	ধার্যকৃত নম্বর	নিয়ন্ত্রনকারী কর্মকর্তার মূল্যায়ন	বাছাই কমিটির পুনঃমূল্যায়ন
০১.	০২.	০৩.	০৪.	০৫.
০১।	সততা ও নৈতিকতার নিদর্শন	১০		
০২।	নেতৃত্ব	১০		
০৩।	প্রতিষ্ঠানের অভিলক্ষ্য বাস্তবায়ন	১০		
০৪।	সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা.	১০		
০৫।	সিদ্ধান্ত গ্রহণে দক্ষতা	১০		
০৬।	ই-নথি সেবা সহজীকরণ ও সংস্কার কার্যক্রমে উৎসাহিতকরণ	১০		
০৭।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	১০		
০৮।	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন	১০		
০৯।	প্রকল্প বাস্তবায়নের দক্ষতা	১০		
১০।	উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন	১০		
	মোট	১০০		

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর সংখ্যা..........কথায়..................
তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কলাম ০৫ এর মোট প্রাপ্ত নম্বর সংখ্যা..........কথায়......................
................অর্থবছরের রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

পরিচালক, পরিচালনা পর্ষদ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	পরিচালক, পরিচালনা পর্ষদ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

পরিশিষ্ট 'খ' (অনুচ্ছেদ ৩.২)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....

....

শুদ্ধাচার পুরস্কারের জন্য সুপারিশকৃত কর্মকর্তার ব্যক্তিগত তথ্য

কর্মকর্তা/কর্মচারীর নাম :		ভবিষ্য তহবিল সূচক নং :	
পদবী :		মোবাইল নম্বর :	
কর্মকর্তা/কর্মচারীর গ্রেড :		বেতনক্রম :	
চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :		বিগত ০৩ বছরের কর্মস্থল:	১।
সর্বশেষ মাসে আহরিত মূল বেতন :			২।
সর্বশেষ রাকাব শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :			৩।
পূর্বতন কর্মস্থলসমূহের প্রত্যয়ন পত্র সংখ্যা :			৪।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ: ৩.২ অনুযায়ী ব্যাংকের সকল উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক ও উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা)

অর্থবছর:

সময়কাল: ০১-০৭..............হতে ৩০-০৬-.........ইং

ক্রমিক	মূল্যায়নের সূচক	ধার্যকৃত নম্বর	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ন	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পুনঃমূল্যায়ন
০১.	০২.	০৩.	০৪.	০৫.
০১।	সততা ও নৈতিকতা	১০		
০২।	সেবাগ্রহীতাদের সেবা প্রদান	১০		
০৩।	পেশাগত দক্ষতা ও তথ্য প্রযুক্তির ব্যবহার (ই-নথি, ই-সার্ভিস)	১০		
০৪।	অধঃস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ	১০		
০৫।	দলগত কাজে সমন্বয়	১০		
০৬।	সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ	১০		
০৭।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা	১০		
০৮।	কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ	১০		
০৯।	উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমে আগ্রহ	১০		
১০।	উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন	১০		
	মোট	১০০		

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর সংখ্যা..........কথায়....................... তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল	কলাম ০৫ অনুযায়ী প্রত্যয়ন করা হলো। মোট প্রাপ্ত নম্বর = সংখ্যা......কথায়............... নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

................অর্থবছরের রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

উপ-মহাব্যবস্থাপক মাসউবি, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, পরিচালন রাকাব, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, নিহিঅা রাকাব, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, প্রশাসন রাকাব, প্রকা, রাজশাহী	উপ-ব্যবস্থাপনা পরিচালক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....

....

<u>শুদ্ধাচার পুরস্কারের জন্য সুপারিশকৃত কর্মকর্তার ব্যক্তিগত তথ্য</u>

কর্মকর্তা/কর্মচারীর নাম :
পদবী :
কর্মকর্তা/কর্মচারীর গ্রেড :
চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :
সর্বশেষ মাসে আহরিত মূল বেতন :
সর্বশেষ রাকাব শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :
পূর্বতন কর্মস্থলসমূহের প্রত্যয়ন পত্র সংখ্যা :

ভবিষ্য তহবিল সূচক নং :
মোবাইল নম্বর :
বেতনক্রম :
বিগত ০৩ বছরের কর্মস্থল: ১।
২।
৩।
৪।

<u>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক</u>

(অনুচ্ছেদ: ৩.৩ অনুযায়ী ব্যাংকের সকল মুখ্য কর্মকর্তা, উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মকর্তা)

অর্থবছর:

সময়কাল: ০১-০৭..............হতে ৩০-০৬-.........ইং

ক্রমিক	মূল্যায়নের সূচক	ধার্যকৃত নম্বর	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ন	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পুনঃমূল্যায়ন
০১.	০২.	০৩.	০৪.	০৫.
০১।	সততা ও নৈতিকতা	১০		
০২।	পেশাগত জ্ঞান ও সেবা প্রদানে দক্ষতা	১০		
০৩।	সহকর্মী ও সেবাগ্রহীতাদের সঙ্গে আচরণ	১০		
০৪।	উদ্ভাবন ও সংস্কারমূলক কার্যক্রমের চর্চা	১০		
০৫।	তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা	১০		
০৬।	সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ	১০		
০৭।	নথি ব্যবস্থাপনায় দক্ষতা	১০		
০৮।	দাপ্তরিক/তথ্যের গোপনীয়তা রক্ষা	১০		
০৯।	আনুগত্য ও বিশ্বস্ততা	১০		
১০।	উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন	১০		
	মোট	১০০		

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর সংখ্যা..........কথায়........................ তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল	কলাম ০৫ অনুযায়ী প্রত্যয়ন করা হলো। মোট প্রাপ্ত নম্বর =সংখ্যা......কথায়............ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

................অর্থবছরের রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

উপ-মহাব্যবস্থাপক মাসউবি, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, পরিচালন রাকাব, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, নিহিঅ রাকাব, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, প্রশাসন রাকাব, প্রকা, রাজশাহী	উপ-ব্যবস্থাপনা পরিচালক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

পরিশিষ্ট 'ঘ' (অনুচ্ছেদ ৩.৪)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....

....

শুদ্ধাচার পুরস্কারের জন্য সুপারিশকৃত শাখা ব্যবস্থাপকের ব্যক্তিগত তথ্য

কর্মকর্তা/কর্মচারীর নাম :		ভবিষ্য তহবিল সূচক নং :	
পদবী :		মোবাইল নম্বর :	
কর্মকর্তা/কর্মচারীর গ্রেড :		বেতনক্রম :	
চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :		বিগত ০৩ বছরের কর্মস্থল:	১।
সর্বশেষ মাসে আহরিত মূল বেতন :			২।
সর্বশেষ রাকাব শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :			৩।
পূর্বতন কর্মস্থলসমূহের প্রত্যয়ন পত্র সংখ্যা :			৪।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ: ৩.৪ অনুযায়ী ব্যাংকের সকল শাখা ব্যবস্থাপক)

অর্থবছর:

সময়কাল: ০১-০৭..............হতে ৩০-০৬-.........ইং

ক্রমিক	মুল্যায়নের সূচক	ধার্যকৃত নম্বর	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ন	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পুনঃমূল্যায়ন
০১.	০২.	০৩.	০৪.	০৫.
০১।	সততা ও নৈতিকতার নিদর্শন	১০		
০২।	সমন্বয় ও নের্তৃত্ব দানের ক্ষমতা	১০		
০৩।	সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা .	১০		
০৪।	অধঃস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ	১০		
০৫।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা	১০		
০৬।	কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ	১০		
০৭।	সিদ্ধান্ত গ্রহণে দক্ষতা	১০		
০৮।	ই-নথি, সেবা সহজীকরণ ও সংস্কার কার্যক্রমে উৎসাহিতকরণ	১০		
০৯।	প্রকল্প/লক্ষ্য বাস্তবায়নে দক্ষতা	১০		
১০।	উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন	১০		
	মোট	১০০		

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর সংখ্যা..........কথায়....................... তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল	কলাম ০৫ অনুযায়ী প্রত্যয়ন করা হলো। মোট প্রাপ্ত নম্বর =সংখ্যা...... কথায়........... নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

................অর্থবছরের রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

উপ-মহাব্যবস্থাপক মাসউবি, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, পরিচালন রাকাব, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, নিহিঅা রাকাব, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, প্রশাসন রাকাব, প্রকা, রাজশাহী	উপ-ব্যবস্থাপনা পরিচালক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....

....

শুদ্ধাচার পুরস্কারের জন্য সুপারিশকৃত কর্মচারীর ব্যক্তিগত তথ্য

কর্মচারীর নাম :

পদবী :

কর্মচারীর গ্রেড :

চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :

সর্বশেষ মাসে আহরিত মূল বেতন :

সর্বশেষ রাকাব শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :

পূর্বতন কর্মস্থলসমূহের প্রত্যয়ন পত্র সংখ্যা :

ভবিষ্য তহবিল সূচক নং :

মোবাইল নম্বর :

বেতনক্রম :

বিগত ০৩ বছরের কর্মস্থল: ১।
২।
৩।
৪।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ: ৩.৫ অনুযায়ী ব্যাংকের সকল কর্মচারী)

অর্থবছর:

সময়কাল: ০১-০৭..............হতে ৩০-০৬-.........ইং

ক্রমিক	মূল্যায়নের সূচক	ধার্যকৃত নম্বর	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ন	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পুনঃমূল্যায়ন
০১.	০২.	০৩.	০৪.	০৫.
০১।	সততা ও নৈতিকতা	১০		
০২।	সেবা প্রদানে দক্ষতা	১০		
০৩।	সহকর্মী ও সেবাগ্রহীতাদের সঙ্গে আচরণ	১০		
০৪।	দাপ্তরিক/তথ্যের গোপনীয়তা রক্ষা	১০		
০৫।	স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক এবং দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা	১০		
০৬।	সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ	১০		
০৭।	আনুগত্য ও বিশ্বস্ততা	১০		
০৮।	পরিষ্কার পরিচ্ছন্নতা	১০		
০৯।	যথাযথ পোশাক পরিধান	১০		
১০।	উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন	১০		
	মোট	১০০		

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর সংখ্যা..........কথায়........................ তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল	কলাম ০৫ অনুযায়ী প্রত্যয়ন করা হলো। মোট প্রাপ্ত নম্বর =সংখ্যা......কথায়............ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অব্যবহিত এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

................অর্থবছরের রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

উপ-মহাব্যবস্থাপক মাসউবি, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, পরিচালন রাকাব, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, নিহিঅা রাকাব, প্রকা, রাজশাহী	মহাব্যবস্থাপক, প্রশাসন রাকাব, প্রকা, রাজশাহী	উপ-ব্যবস্থাপনা পরিচালক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক